



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৩২.০০১.২১.৩৫

২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১১ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০২৩-২৪ অর্থবছর/২০২৪ সালে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে উপবৃত্তি ও টিউশন ফি প্রদানের লক্ষ্যে উপবৃত্তি প্রদান বিষয়ক সংশ্লিষ্ট বাছাই কমিটির সভা আহ্বান প্রসঙ্গে।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৩-২৪ অর্থবছর/২০২৪ সালে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০১৯-২০, ২০২০-২১ এবং ২০২১-২২ (৩য় বর্ষ, ২য় বর্ষ এবং ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের লক্ষ্যে অনলাইনে প্রাপ্ত আবেদন/ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারে সংরক্ষিত আবেদনসমূহ যাচাই-বাছাইঅন্তে চূড়ান্তকরণের জন্য সংশ্লিষ্ট বাছাই কমিটির এক সভা আগামী **১২ জুন ২০২৪ তারিখ বুধবার সকাল ১০:০০ টায়** বা ছাই কমিটির সভাপতি ও ট্রাস্টের পরিচালক জনাব মোঃ ফরহাদ সিদ্দিক (অতিরিক্ত সচিব) -এর সভাপতিত্বে ট্রাস্টের সভা কক্ষে (২য় তলা, কক্ষ নং-২১৫) অনুষ্ঠিত হবে।

২. এমতাবস্থায়, স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২৩-২৪ অর্থবছর/২০২৪ সালে উপবৃত্তি বিতরণে টার্গেট নির্ধারণের উক্ত বাছাই কমিটির সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সভার আলোচ্যসূচি:

স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের (১ম বর্ষ) প্রাপ্ত আবেদন এবং সফটওয়্যারের সংরক্ষিত ২০১৯-২০ ও ২০২০-২১ (৩য় ও ২য় বর্ষ) শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মধ্য হতে নির্দেশিকা অনুযায়ী যাচাই-বাছাইপূর্বক উপযুক্ত শিক্ষার্থী নির্বাচন; এবং বিবিধ।

১১-০৬-২০২৪

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

০২-৫৫০০০৪২৮

ad.stipend@pmeat.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ২। উপসচিব, প্রশাসন ও সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
- ৩। উপসচিব, এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৪। উপ-পরিচালক (জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ), জনসংযোগ ও তথ্য অধিকার শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৫। সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৬। সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সদয় অবগতি ও ১০ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (প্রয়োজনীয় আইটি সহায়তা ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৮। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৯। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)। এবং
- ১০। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

